

NSWEduChat -এ শিক্ষার্থীদের প্রবেশাধিকার

পিতামাতা এবং পরিচর্যািকারীদের জন্য তথ্য

NSWEduChat হলো একটি জেনারেটিভ কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) টুল, যা NSW শিক্ষা বিভাগ (NSW Department of Education)-এর মালিকানাধীন এবং তাদের দ্বারা নকশা করা হয়েছে। এটি নিরাপদ, শিক্ষামূলক, সুরক্ষিত ও ব্যক্তিগত ব্যবহারের জন্য তৈরি।

NSWEduChat -এ শিক্ষার্থীদের প্রবেশাধিকার

ইয়ার 5 থেকে ইয়ার 12 এর শিক্ষার্থীরা 2025 সালের টার্ম 4 থেকে NSWEduChat -এ প্রবেশাধিকার পাবে।

NSWEduChat ব্যবহারকারী শিক্ষার্থীদের নিরাপত্তা

NSWEduChat -এর ডেটা সুরক্ষিত। সব ডেটা শিক্ষা বিভাগের মধ্যেই থাকে। এর মানে শিক্ষার্থীরা তাদের কাজ এবং ব্যক্তিগত পরিচয়সংক্রান্ত তথ্য নিরাপদভাবে NSWEduChat -এ প্রবেশ করতে পারে।

NSWEduChat এর শিক্ষাগত পরিকল্পনা

NSWEduChat সরাসরি প্রশ্নের পূর্ণ উত্তর প্রদান করে না। এটি শিক্ষার্থীদের উন্মুক্ত ধরনের প্রশ্ন করে উত্তর দেয়। এতে শিক্ষার্থীরা তাদের চিন্তা ও যুক্তি বিশ্লেষণ করে তা প্রকাশ করতে উৎসাহিত হয়। NSWEduChat শুধুমাত্র টেক্সট ব্যবহার করে। অর্থাৎ এটি ছবি, ভিডিও বা সঙ্গীতের মতো মিডিয়া তৈরি করতে পারে না।

হোমওয়ার্ক এবং মূল্যায়নের কাজে সাহায্যের জন্য NSWEduChat ব্যবহার করা

যদি স্কুলগুলো পরামর্শ দেয় যে NSWEduChat হোমওয়ার্ক বা মূল্যায়নের জন্য ব্যবহার করা যেতে পারে, তাহলে শিক্ষার্থীদের অবশ্যই তাদের শিক্ষকদের জানাতে হবে যদি তারা কোন কাজ সম্পূর্ণ করতে NSWEduChat ব্যবহার করে থাকে। এর মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু শুধুমাত্র এতে সীমাবদ্ধ নয়, NSWEduChat ব্যবহার করে অধ্যয়ন নোট সারসংক্ষেপ করা, গুরুত্বপূর্ণ শব্দের সংজ্ঞা তৈরি করা বা লেখা কাঠামোবদ্ধ করা। স্কুলগুলো শিক্ষার্থীরা কীভাবে যৌক্তিকভাবে তাদের শিক্ষককে জানাতে পারে তা জানাবে।

বাড়িতে বসে NSWEduChat -এ প্রবেশাধিকার

শিক্ষার্থীরা বাড়িতে বসে NSWEduChat -এ প্রবেশ করতে পারে নিম্নলিখিত মাধ্যমে:

- স্টুডেন্ট পোর্টাল <https://portal.education.nsw.gov.au/> এর মাধ্যমে
- সরাসরি chat.education.nsw.gov.au এর মাধ্যমে

শিক্ষার্থীদের তাদের NSW Department of Education এর লগইন ব্যবহার করে লগ ইন করতে হবে। শুধুমাত্র লগ ইন করা শিক্ষার্থীদের NSWEduChat ব্যবহার করা উচিত।

আপনি যদি এই টুলের যেকোনো দিক নিয়ে আলোচনা করতে চান, তাহলে অনুগ্রহ করে অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।



NSWEduChat parental privacy notice (NSWEduChat এর অভিভাবকীয় গোপনীয়তা বিজ্ঞপ্তি) সম্পর্কে আরও তথ্য এবং প্রবেশাধিকার পেতে দেখুন: [শিক্ষার্থীর NSWEduChat ব্যবহার](#)

টেলিফোন দোভাষী পরিষেবা (TIS): 131 450

যদি আপনার দোভাষীর সাহায্যের প্রয়োজন হয়, তাহলে TIS -এ কল করুন এবং আপনার কোন ভাষায় এবং কোন নম্বরে কল করতে চান তা বলুন। অপারেটর আপনার কথোপকথনে সাহায্য করার জন্য লাইনে একজন দোভাষী রাখবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।